

স্নাতক উপবৃত্তির টাকা পেতে বাধ্যতামূলক 'উন্নয়ন ফি'

আদিতমারীতে শিক্ষার্থীদের ক্ষোভ

■ আদিতমারী (লালমনিরহাট) সংবাদদাতা
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর অর্ধে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা বিতরণের আগেই বাধ্যতামূলকভাবে তাদের দিতে হয়েছে 'কলেজ উন্নয়ন ফি' সহ অন্যান্য পাওনাদি। প্রথম অবস্থায় শিক্ষার্থীরা এ টাকা দিতে অপরাগতা প্রকাশ করলেও কলেজ কর্তৃপক্ষের চাপে বাধ্যতামূলক প্রত্যেক শিক্ষার্থীকে দিতে হয়েছে ৭৫৫ টাকা করে। গতকাল আদিতমারী ডিগ্রী কলেজ চত্বরে বিতরণ করা হয় শিক্ষার্থীদের এ উপবৃত্তির টাকা।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের অর্ধে লালমনিরহাটের আদিতমারী উপজেলার স্নাতক (পাস) পর্যায়ে ৩টি শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪৩৫ জন শিক্ষার্থীকে উপবৃত্তির আওতায় আনা হয়েছে। প্রত্যেক শিক্ষার্থী উপবৃত্তি বাবদ ২ হাজার ৪শ', বই ভর্য এক হাজার ৫শ' ও পরীক্ষার ফি'র জন্য এক হাজার টাকাসহ মোট ৪ হাজার ৯শ' টাকা করে পাবে। যার মধ্যে এই কলেজ থেকে ২৫৪ জনের জন্য ১৪ লাখ ২৭ হাজার ৪৮০ টাকা, স্যান্ডিবাড়ি ডিগ্রী কলেজ থেকে ১৭১ জন শিক্ষার্থীর জন্য ৯ লাখ ৬১ হাজার ২০ টাকা ও দক্ষিণ বালাপাড়া ফাজিল মাদ্রাসার ১০ জন শিক্ষার্থীর জন্য ৫৬ হাজার ২শ' টাকা বরাদ্দ দেয়া হয়েছে। গত ২৬ এপ্রিল আনুষ্ঠানিকভাবে প্রধানমন্ত্রী এ শিক্ষাবৃত্তির কার্যক্রমের উদ্বোধন করেন।

এদিকে উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিযোগে জানা গেছে, আদিতমারী ডিগ্রী কলেজের শিক্ষার্থীদের টাকা তোলার আগেই কর্তৃপক্ষ জানিয়ে দেয় ২৮ এপ্রিলের আগেই উপবৃত্তিপ্রাপ্ত প্রত্যেক শিক্ষার্থীকে ৭৫৫ টাকা হারে জমা দিতে হবে। অন্যথায় কেউ উপবৃত্তির টাকা তুলতে পারবে না। মতে বাধ্য হয়ে ২৫৪ জন শিক্ষার্থী জমা দেয় এই টাকা। কিন্তু তাদেরকে কোন রশিদ দেয়া হয়নি।

রশিদ ছাড়াই শিক্ষার্থীদের কাছ থেকে টাকা নেয়ার বিষয়ে গতকাল সংবাদকর্মীরা কলেজ ক্যাম্পাসে গেলে কর্তৃপক্ষ রশিদ দেয়া শুরু করে। যাতে লেখা হয়েছে, কলেজ উন্নয়ন ফি বাবদ ২৫৫ টাকা এবং সেশন ও সেমিনার ফি বাবদ ৫শ' টাকা। শিক্ষাবৃত্তির টাকা থেকে কলেজ উন্নয়ন ফি আদায় করায় অডিভাকবক ৩ শিক্ষার্থীরা তীব্র ক্ষোভ প্রকাশ করেছে।

আদিতমারী ডিগ্রী কলেজের অধ্যক্ষ আজিজার রহমান ইত্তেফাকে বলেন, যারা উপবৃত্তির টাকা পাবে না তাদেরকে এ টাকা দিতে হবে না। তিনি বলেন, কোন শিক্ষার্থীরা অভিযোগ করেছে তাদের নাম জানালে আমার জন্য একটু সুবিধা হবে। আদিতমারী ডিগ্রী কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি ও লালমনিরহাট-২ আসনের সংসদ সদস্য নুরুজ্জামান আহমেদ জানান, টাকা নেয়ার বিষয়টি তার জানা নেই। খোঁজ নিয়ে বিষয়টি দেখবেন বলে জানান তিনি।